মেকানিকদের ১-দিনের প্রশিক্ষণঃ
ফসল কাটা (রিপার) যন্ত্রের ভাঙ্গা/ত্রুটিপূর্ণ যন্ত্রাংশ মেরামত

ফ্লিপ চার্ট

সেশন-১ঃ মাল্টিক্রপ রিপারের বিভিন্ন অংশ ও তাদের কাজ



সিসা - যান্ত্রিকীকরণ ও সেচ প্রকল্প
সিমিট বাংলাদেশ

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ

স্প্লিটিং পার্টস/বিভক্তকরণ অংশ

১) স্প্লিটিং কভার (বিভক্তকারীর ঢাকনা)



কাজঃ ধান বা গম কাটার সময় যখন যন্ত্রটি সামনের দিকে এগুতে থাকে তখন এটি দাঁড়িয়ে থাকা ধান বা গমের গাছকে নির্দিষ্ট পরিমাণে ভাগাভাগি করে কাটার বারে বা কাঁচির দিকে প্রেরণ করা।



স্প্লিটিং ব্রাকেট (বিভক্তকারীর অবলম্বন)

কাজঃ যন্ত্রের মুল ফ্রেমের সাথে সংযোজনের জন্য ভিত্তি হিসেবে কাজ করে ।

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ



প্রেসার স্প্রিং (চাপক স্প্রিং)ঃ

বিশেষ চাপ প্রয়োগের মাধ্যমে কর্তনকৃত গাছগুলোকে মূল ফ্রেমের সাথে দাড়ানো অবস্থায় রাখতে সাহায্য করে ।



লাগ চেইনঃ

স্টার হুইলকে নির্দিষ্ট দিকে ঘুরতে সাহায্য করে। এছাড়া এটি প্রেসার স্প্রিং ও মেইন ফ্রেমের মধ্যবর্তী ফাঁকা স্থানে থাকা (কর্তনকৃত) ধান বা গমের গাছগুলোকে টেনে নিয়ে যথা স্থানে নিক্ষেপ করে।

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ

স্টার হুইল (তারকাকৃতির চাকা)







কাজঃ যে গাছগুলো কাটা হবে সেগুলোকে এর ঘূর্ণনের মাধ্যমে মূল ফ্রেম ও প্রেসার স্প্রিং-এর মধ্যবর্তী স্থানে পাঠায় এবং এরপর কাটার বার সেই গাছগুলোকে কাটে ।

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ

রিপিংপার্টস / কর্তনকারী অংশ



ব্লেড/কাটারঃ ধান বা গমের গাছগুলোকে কাটাই এর একমাত্র কাজ

ব্লেড বাইন্ডারঃ উপরের ও নীচের কাটারবারকে পরস্পরের সাথে নির্দিষ্ট স্থানে ধরে বা বেঁধে রাখে

ব্লকিং প্লেটঃ দুইটা কাটারবারের মধ্যে সর্বোচ্চ ০.৫ মি.মি. ক্লিয়ারেন্স বজায় রাখতে ব্লেড বাইন্ডারকে সাহায্য করে।

কাটার বারঃ নির্দিষ্ট দুরত্বে কাঁচি বা ব্লেড গুলোকে এক সাথে ধরে রাখে বা আটকে রাখে।

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ

আউটপুট ডিভাইস



কাজঃ কাটার বার কর্তৃক ফসল কাটার পর রিপার মেশিনের এই অংশটি কাটা ফসলগুলোকে সারিবদ্ধভাবে মাটিতে ফেলে, ফলে সহজেই ফসলগুলোকে আঁটি বাঁধা ও পরিবহণ করা যায়।

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ

হুইল বা চাকা

রাবার হুইল



কেজ হুইল

কাজ ঃ যন্ত্রটিকে সামনে বা পিছনে চলতে বা সরাতে সাহায্য করে। উল্লেখ্য, জমিতে দাঁড়ানো পানি থাকলে বা কর্দমাক্ত জমিতে ফসল কাটার জন্য কেজ হুইল সবচেয়ে উপযুক্ত।

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ



থ্রটল লিভারঃ

কাজঃ ইঞ্জিনের গতি (আরপিএম) নিয়ন্ত্রণ করে



টার্নিং ক্ল্যাচঃ

কাজ ঃ ক্ল্যাচের সাহায্যে মেশিনকে ডানে বামে ঘুরাতে টার্নিং ক্ল্যাচ ব্যবহৃত হয়

রিপার মেশিনের বিভিন্ন অংশ ও তাদের কাজ



গিয়ার পরিবর্তনকারী লিভারঃ মেশিনকে সামনের দিকে বা পিছনের দিকে চালাতে গিয়ার পরিবর্তনে এটি ব্যবহৃতহয়।

চালানোর সুইচঃ এটি মেশিনকে সামনে ও পিছনে চালাতে এবং মেশিনকে থামাতে ব্যবহার করা হয়।

ফসল কাটার সুইচঃ এটি কাটার বারকে চালু ও বন্ধ করার জন্য ব্যবহার করা হয়।